

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ০৭

ফেব্রুয়ারী ০৭, ২০১০
তারিখ : -----
মাঘ ২৫, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক

প্রিয় মহোদয়,

কৃষকের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জানুয়ারী ১৭, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার-০১ এবং ফেব্রুয়ারী ০১, ২০১০ তারিখের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি(পি-১)/৭৬০/২(সার্ভিস চার্জ)/২০১০-৩২৮-৩৩৫ নং পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের মাধ্যমে কৃষি উপকরণ সহায়তা কার্ড এর বিপরীতে যেকোন কৃষক ব্যাংকে আমানত হিসাব খুলতে পারবে এবং এরূপ হিসাব নগদ ১০/- টাকা জমা গ্রহণপূর্বক খোলা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এ মর্মে আরও সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এরূপ হিসাব খোলার ক্ষেত্রে KYC (Know Your Customer) এর নির্ধারিত ফর্ম পূরণের আবশ্যিকতা নেই। কৃষি উপকরণ সহায়তা কার্ডই এ ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং 'লীড ব্যাংক' পদ্ধতির আওতায় সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহ তাদের অনুকূলে বরাদ্দকৃত ইউনিয়নসমূহের কৃষকের আমানত হিসাব খুলবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত
(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫